75

ভোরের কাগজ

তারিখ ... 17 NOV 1997 ...
পৃষ্ঠা ৭ কলাম ৫

# ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সমঝোতা, সহাবস্থান

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক** : ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগের বিবদমান দুগ্রুপের মধ্যে গত শনিবার রাতে 'সমঝোতা' হয়েছে। এই 'সমঝোতার' অংশ হিসেবে 'গতকাল রোববার দুপুরে 'শরীয়তপুর-মাদারীপুর গ্রুপের' বিতাড়িত নেতাকর্মীরা বিভিন্ন হলে উঠেছে। এই প্রক্রিয়ার ফলে ভেঙে যাওয়া 'শরীয়তপুর-মাদারীপুর গ্রুপ' আবারো ঐক্যবদ্ধ হলো।

কয়েকটি সূত্র থেকে জানা যায়, গত শনিবার রাতে যুবলীগের শীর্ষস্থানীয় এক নেতার বাসায় বিবদমান দুগ্রুপের নেতাদের এক বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে দুগ্রুপের মধ্যে সমঝোতা করেন ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সহসভাপতি ইকবাল হোসেন অপু ও আনোয়ার হোসেন। বৈঠকে দুগ্রুপের নেতাদের মধ্যে উপস্থিত ছিলেন আনিসুল ইসলাম রতন, তমিজউদ্দিন তমি, বাবুল তালুকদার, আবদুল আলিম, মিহির ঘোষাল, তপন প্রমুখ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, বিবদমান দুগ্রুপ পরস্পরের বিরুদ্ধে কোনো সংঘর্ষে যাবে না এবং এই দুগ্রুপের কাউকে হলে উঠতে বাধা দেওয়া হবে না। সভায় দুগ্রুপ ঐক্যবদ্ধ হয়ে একটি গ্রুপ হিসেবেও কাজ করার সিদ্ধান্ত নেওয়া হয়।

গতকাল রোববার দুপুরে গত শনিবার রাতের সিদ্ধান্ত অনুযায়ী বিতাড়িত নেতাকর্মীরা ছাত্রলীগের করায়ত্ত বিভিন্ন হলে ওঠেন। ক্যাম্পাস সূত্র মতে, বিতাড়িত গ্রুপের বাবুল তালুকদার জহুরুল হক হলে এবং রতন ও তমি মুহসীন হলে উঠেছে।